

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২০৮(আগরতলা, ১৬।০৪)
খোয়াই, ১৬ এপ্রিল, ২০১৮

তেলিয়ামুড়ায় সামাজিক ন্যায় দিবস উদযাপিত

তেলিয়ামুড়া মহকুমা প্রশাসন ও পুর পরিষদের যৌথ উদ্যোগে গত ১৪ এপ্রিল নেতাজীনগর অশ্বিনী কুমার ঘোষ স্মৃতি কমিউনিটি হলে তেলিয়ামুড়া মহকুমা ভিত্তিক সামাজিক ন্যায় দিবস ও ড: বি আর আশ্বেদকরের ১২৮ তম জন্মদিবস উদযাপিত হয়। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন, বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী রায়। অনুষ্ঠানের উদ্বোধন করে শ্রীমতি রায় বলেন, আমরা মানুষকে ন্যায় বিচার দিতে চাই। সকল ভেদাভেদ ভুলে জাতির উন্নয়ন করতে পারলেই ড: বি আর আশ্বেদকরের জন্মদিবস পালনের সার্থকতা আসবে। অনুষ্ঠানের প্রধান অতিথি বিধায়ক ডা: অতুল দেববর্মা মহামানব ও মনিষীদের মর্যাদা ও সম্মান প্রদান করার পাশাপাশি ড: বি আর আশ্বেদকরের চিন্তা ধারা ও আদর্শ সমাজে ছড়িয়ে দিতে তিনি সকলের প্রতি আহ্বান জানান। স্বাগত ভাষণ দেন অতিরিক্ত মহকুমা শাসক ভাস্কর ভট্টাচার্য্য। অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া কলেজের অধ্যক্ষ দেবব্রত রায়, পুরপরিষদের চেয়ারপার্সন সজল কুমার দেব প্রমুখ। সভাপতির আসন অলংকৃত করন বিধায়ক পিনাকী দাস চৌধুরী। অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।
